কালের কণ্ঠ

তারিখ : 2 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

বিএসএমএমইউয়ের তদন্ত প্রতিবেদন

# উপ-উপাচার্য স্বপনের অভিযোগ মিথ্যা

নিজস্ব প্রতিবেদক ▷

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক কামরুল হাসান খান উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক এ এস এম জাকারিয়া স্বপনকে শারীরিক হেনস্থা করেছেন বলে যে অভিযোগ করা হয়েছিল তার সত্যতা পায়নি তদন্ত কমিটি। গত ১৯ জানুয়ারির ঘটনায় উপ-উপাচার্য ও প্রক্টরের অভিযোগের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কমিটির পক্ষে যে তদন্ত কমিটি করা হয় তাদের চূড়ান্ত প্রতিবেদনে এ কথা বলা হয়েছে। ওই কমিটি গতকাল প্রতিবেদন জমা দিয়েছে।

ওই প্রতিবেদনে আরো বলা হয়েছে, নার্স নিয়োগে অনিয়মের যে অভিযোগ আনা হয়েছে তারও কোনো প্রমাণ মেলেনি। বরং মিথ্যা অভিযোগে বিশ্ববিদ্যালয় ও উপাচার্যের মর্যাদা ক্ষুণ্ন করায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট।

তদন্ত প্রতিবেদনে বলা হয়, গত ১৯ জানুয়ারি সকাল সাড়ে ১১টায় উপাচার্য কার্যালয়ের বারান্দায় উপ-উপাচার্য (শিক্ষা) জাকারিয়া স্বপন সমর্থিত কতিপয় শিক্ষক, চিকিৎসক ও কর্মকর্তার সঙ্গে প্রক্টর সমর্থিত চিকিৎসকদের মধ্যে বাদানুবাদ ও উত্তেজনাকর পরিবেশের সৃষ্টি হয়। এ ক্ষেত্রে সহযোগী অধ্যাপক ডা. বিজয় কুমার পালের স্বীকারোক্তি, ভিডিওতে ধারণকৃত তাঁর উপস্থিতি ও ভূমিকার ব্যাপারে প্রক্টর অধ্যাপক হাবিবুর রহমান দুলালের লিখিত অভিযোগ ও ফুটেজ পর্যালোচনা করে অনাকাঙ্ক্ষিত ঘটনার সঙ্গে ডা. বিজয়সহ কতিপয় চিকিৎসকের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেছে। কিন্তু উপাচার্যের হাতে উপ-উপাচার্য লাঞ্ছিত হওয়ার অভিযোগ এবং নার্স নিয়োগে অনিয়মের ব্যাপারে জাকারিয়া স্বপনের অভিযোগের সত্যতার কোনো প্রমাণ পায়নি তদন্ত কমিটি।

বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিল্টন হলে গতকাল উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের সভাপতিত্বে সিন্ডিকেটের জরুরি সভা হয়। এতে সিন্ডিকেট সদস্য ডা. মো. রুস্তম আলী ফরাজী এমপি, মো. মাহবুব আলী এমপি, ডা. মোজাম্মেল হোসেন এমপি, বিএসএমএমইউয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মো. নজরুল ইসলাম, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সরদার আবুল কালাম, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আমিনুল ইসলাম খান, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি মনজুরুল আহসান বুলবুল, বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের সভাপতি অধ্যাপক ডা. মোহাম্মদ সহিদুল্লা, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, সাবেক উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আলী আসগর মোড়ল উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর